মেহেরপুরে পুলিশের অভিযানে ১১ গ্রেফতার

মেহেরপুর পুলিশের ২৪ ঘন্টার অভিযানে আদালতের পরোয়ানাভূক্তসহ বিভিন্ন মামলার ১১ আসামি গ্রেফতার হয়েছে।

গ্রেফতারকৃতদের মধ্যে আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলার ৫, সিআর মামলার ৪ ও নিয়মিত মামলার ২ আসামী।

এসব আসামিদের মধ্যে মেহেরপুর সদর থানা পুলিশের অভিযানে জিআর মামলায় ২ জন, সিআর মামলায় ১ জন, গাংনী থানা পুলিশের অভিযানে জিআর মামলার ১ জন, নিয়মিত মামলার ২ জন এবং মুজিবনগর থানা পুলিশের অভিযানে জিআর মামলার ২ ও সিআর মামলার ৩ আসামি গ্রেফতার হয়েছে।

শুক্রবার (২ সেপ্টেম্বর) সকাল থেকে আজ শনিবার (৩ সেপ্টেম্বর) ভোররাত পর্যন্ত এ অভিযান চালান পুলিশ।

পুলিশ সুপার রাফিউল আলমের নির্দেশে সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম, গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক ও মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি মেহেদী রাসেলের নেতৃত্বে পুলিশের পৃথক টিম

জেলার বিভিন্ন স্থানে অভিযানে চালিয়ে এসব আসামিদের গ্রেফতার করেন। গ্রেফতারকৃতদের শনিবার দুপুরের দিকে মেহেরপুর আদালতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুর সদর থানা পুলিশের অভিযানে সাজাপ্রাপ্ত গ্রেফতার

মেহেরপুর সদর থানা পুলিশ অভিযান চালিয়ে সোহেল রানা নামের এক বছরের সাজাপ্রাপ্ত আসামি গ্রেফতার করেছেন।

সোহেল রানা মেহেরপুর শহরের পোস্ট অফিসপাড়া এলাকার মৃত বিল্লাল হোসেনের ছেলে।

আজ শুক্রবার (২ সেপ্টেম্বর) সকালের দিকে গোপন সংবাদের ভিত্তিতে সদর থানার এএসআই শাকিল খান সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করেন।

জিআর ৭৩/২০ নং মামলায় সাম্প্রতিক সময়ে আদালত তাকে এক বছরের সাজা প্রদান করেন। তারপর থেকেই পলাতক ছিলেন তিনি।

এএসআই শাকিল খান জানান, আদালতের পরোয়ানা পেয়ে তার বাড়িতে অভিযান চালিয়ে গ্রেফতার করা হয়েছে।

শুক্রবার বিকালে গ্রেফতারকৃত সোহেল রানাকে আদালতে সোপর্দ করা হয়েছে।

মেহেরপুরে পুলিশের অভিযানে ১৬ আসামি গ্রেফতার

মেহেরপুর পুলিশের ২৪ ঘন্টার অভিযানে বিভিন্ন মামলায় ১৬ জন গ্রেফতার হয়েছেন।

এদের মধ্যে মেহেরপুর সদর থানা পুলিশের অভিযানে ৭ জন, মুজিবনগর থানা পুলিশের অভিযানে ৫ জন ও গাংনী থানা পুলিশের অভিযানে ৪ আসামি গ্রেফতার হয়েছে।

গ্রেফতারকৃতদের মধ্যে নিয়মিত মামলার আসামি ৬ জন, আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলায় ৬ জন ও সিআর মামলার ৪ আসামি রয়েছে।

মেহেরপুর পুলিশ সুপার মো: রাফিউল আলমের নির্দেশে মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম, গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক ও মুজিবনগরথানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেলের নেতৃত্বে পুলিশের একাধিক টিম বৃহস্পতিবার সকাল থেকে আজ শুক্রবার (২ সেপ্টেম্বর)

সকাল পর্যন্ত জেলার পৃথক স্থানে অভিযান চালিয়ে এসব আসামী গ্রেফতার করেন। পুলিশের সংশ্লিষ্ট সূত্র এ তথ্য নিশ্চিত করেছেন।

গ্রেফতারকৃত এসব আসামিদের আজ শুক্রবার আদালতে সোপর্দ করা হয়েছে।

মেহেরপুরে পুলিশের অভিযানে ৪ জন গ্রেফতার

মেহেরপুর সদর ও গাংনী পুলিশের ২৪ ঘন্টার নিয়মিত অভিযানে বিভিন্ন মামলার ৪ আসামি গ্রেফতার হয়েছেন।

আসামিদের মধ্যে মেহেরপুর সদর থানা পুলিশের অভিযানে ৩ আসামি ও গাংনী থানা পুলিশ অভিযান ১ আসামী গ্রেফতার করেছেন।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম ও গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাকের নেতৃত্বে বুধবার সকাল থেকে আজ বৃহস্পতিবার (১ সেপ্টেম্বর) ভোররাত পর্যন্ত দুটি উপজেলার বিভিন্ন গ্রামে পুলিশের পৃথক টিম অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন।

এসময় মেহেরপুর সদর থানায় একটি মামলা রুজ্জু হয়েছে। মেহেরপুর পুলিশের সংশ্লিষ্ট সূত্র এ তথ্য নিশ্চিত করেছেন।

গ্রেফতারকৃত আসামিদের আজ বৃহস্পতিবার (১ সেপ্টেম্বর) সকালের দিকে আদালতে সোপর্দ করা হয়েছে।

দর্শনায় ফেনসডিলস ও

মোটরসাইকেলসহ গ্রেফতার-৩

দর্শনায় মাদক বিরোধী অভিযান চালিয়ে ১০ বোতল ভারতীয় ফেনসিডিল ও মোটরসাইকেলসহ সহ ৩ জনকে আটক করেছে পুলিশ।

গতকাল বুধবার রাত সাড়ে ৭টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ এ,এইচ,এম লুৎফুল কবীরের নেতৃত্বে থানার এসআই স্বপন কুমার সরকার, এসআই শামীম রেজা, এসআই সুমন্ত বিশ্বাস, এ,এস,আই হাফিজুর রহমান, সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন দামুড়হুদা উপজেলার দর্শনা থানাধীন পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের নাস্তিপুর গ্রামে।

এসময় গ্রামের জনৈক মধু চৌকিদারের বাড়ীর সামনে পাকা রাস্তার উপর হতে আমদানি নিষিদ্ধ ভারতীয় ১০ বোতল ফেন্সিডিল নাস্তিপুর গ্রামের আব্দুল মমিনের ছেলে রুমন হোসেন (৩০), চুয়াডাঙ্গা সদর উপজেলার হাজরাহাটি গ্রামের সাইদুর রহমানের ছেলে সিরাজুল ইসলাম (২৭) ও জাফরপুরের সামসুল হকের ছেলে হিরোনকে (২৫) আটক করে। এসময় আটককৃতদের দখল হতে মাদক পাচার কাজে ব্যাবহৃত একটি মোটরসাইকেল জব্দ করে পুলিশ।

এ ঘটনায় আটককৃত আসামীর বিরুদ্ধে দর্শনা থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা রুজু করা হচ্ছে।###

মেহেরপুরে পুলিশের অভিযানে ৭ আসামী গ্রেফতার, ৪ টি মামলা রুজ্জু

মেহেরপুরে পুলিশের ২৪ ঘন্টার নিয়মিত অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত ২ জন ও নিয়মিত মামলায় ৫ জনসহ ৭ আসামি গ্রেফতার হয়েছে।

আসামিদের মধ্যে আদালতের পরোয়ানভূক্ত জিআর মামলায় ২ জন ও নিয়মিত

মামলায় ৫ জন আসামী গ্রেফতার করা হয়েছে।

রবিববার (২৮ আগষ্ট) সকাল থেকে আজ সোমবার ভোররাত পর্যন্ত জেলার বিভিন্ন স্থানে পুলিশের একাধিক টিম গোপন সংবাদে অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করে।

এছাড়া ২৪ ঘন্টায় সদর থানায় ২টি, মুজিবনগর থানায় বিশেষ ক্ষমতা আইনে ১ টি ও গাংনী থানায় ১ টি মামলা এএফআইআর ভ’ক্ত করা হয়েছে। এসময় মুজিবনগর থানা পুলিশ ২৫ কেজি চুল ও সদর থানা পুলিশ ১০ গ্রাম হেরোইন উদ্ধার করেছে।
গ্রেফতারকৃতদের আজ সোমবার (২৯ আগষ্ট) সকালের দিকে মেহেরপুর আদালতের সোপর্দ করা হয়েছে।

দর্শনায় ৭শ পিচ ট্যাপেনন্ডা ট্যাবলেটসহ গ্রেফতার-১

দর্শনায় অভিযান চালিয়ে ৭শ পিচ ট্যাপেন্ডাল ট্যাবলেটসহ জীবননগরের আক্তারুজ্জামান লিটনকে গ্রেফতার করেছে দর্শনা থানা পুলিশ।

জানা যায় রবিবার বিকাল সাড়ে ৫ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ এ এইচ এম লুৎফুল কবিরের নেতৃত্বে দর্শনা থানার এসআই(নিঃ) শামীম রেজা এএসআই (নিঃ) সানোয়ার হোসেন, এএসআই(নিঃ) তুহিনুজ্জামান, সঙ্গীয় ফোর্সসহ গোপন সংবাদের ভিত্তিতে মাদক বিরোধী অভিযান চালায় প্রতাপপুর ওয়াজিদ মল্লিকের পুকুর পাড়ের পাকা রাস্তার উপর।

এ সময় পুলিশ ভারতীয় নিষিদ্ধ ৭শ পিচ ট্যাপেন্ডাল ট্যাবলেটসহ জীবননগর থানার নতুনপাড়া গ্রামের মোক্তার হোসেনের ছেলে আক্তারুজ্জামান লিটন কে গ্রেফতার করে।

এ ঘটনায় দর্শনা থানা পুলিশ মাদকদ্রব্য নিয়ন্ত্রন আইনে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে

মেহেরপুর শহরের সেই আশাসহ দুজন গ্রেফতার

মেহেরপুর সদর থানা পুলিশ অভিযান চালিয়ে আদালতের পরোয়ানাভূক্ত দুই আসামিকে গ্রেফতার করেছে।

গ্রেফতারকৃতরা হলেন, মেহেরপুর শহরের পুরাতন পোস্ট অফিস পাড়া এলাকার তোহিদুল ইসলাম ওরফে তপনের ছেলে খোস আমজেদ ওরফে আশা এবং সদর উপজেলার আমদহ গ্রামের মাদার আলীর ছেলে সুজন (২৫)।

রবিবার বিকালের দিকে মেহেরপুর সদর থানার এএসআই শাকিল খান সঙ্গীয় ফোর্সসহ শহরের ক্রিসেন্ট ক্লাবের সামনে অভিযান চালিয়ে চুরির অভিযোগে আদালতের পরোয়ানাভূক্ত জিআর ৪০৮/২১ নং মামলার আসামি সুজনকে এবং নারী নির্যাতন মামলায় আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলা নং ৩৭/২২ এবং চুরির অভিযোগে জিআর মামলা নং ১৭০/২২ নং মামলার পলাতক আসামি পুরাতন পোস্টঅফিস পাড়া এলাকার খোশ আমজেদ আশাকে গ্রেফতার করা হয়েছে। আশা ওই পাড়ার তোহিদুল ইসলামের তপনের ছেলে। গ্রেফতারকৃতদের আদালতে সোপর্দ করা হয়েছে।

মেহেরপুরে হাফ ডজন মামলার আসামি শীর্ষ মাদক ব্যবসায়ী গ্রেফতার

মাদকদ্রব্য, মারামারি ও পাসপোর্ট আইনসহ বিভিন্ন আইনে প্রায় হাফ ডজন মামলার আসামি শহরের শীর্ষ মাদক ব্যবসায়ী সামিউল আজিম ওরফে রাজা (২২) কে গ্রেফতার করেছে মেহেরপুর সদর থানা পুলিশ।

গোপন সংবাদের ভিত্তিতে সদর থানার এসআই মোমিনের নেতৃত্বে এএসআই

শাকিলসহ সঙ্গীয় ফোর্স সহ রবিবার বিকালের দিকে শহরের হালদারপাড়া এলাকা থেকে ১০ গ্রাম হেরোইনসহ সুজনকে গ্রেফতার করা হয়। মাদক ব্যবসায়ী সুজন শহরের বোশপাড়া এলাকার মাসুদের ছেলে।

সদর থানার এসআই মোমিন জানান, সামিউল আজিম ওরফে রাজা ও তার অপর কয়েকজন সহযোগী শহরের হালদারপাড়া এলাকাতে হেরোইন বিক্রি করছে এমন সংবাদে অভিযান চালানো হয়। অভিযান টের পেয়ে অন্য সহযোগীরা পালিয়ে গেলেও সুজন ১০ গ্রাম হেরোইন সহ গ্রেফতার হন।

সামিউল আজিম ওরফে রাজর নামে এর আগেও বিভিন্ন অভিযোগে ৫ টি মামলা আদালতে বিচারাধীন রয়েছে। মামলাগুলোর মধ্যে রয়েছে, (মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে) নং ৩৬, তারিখ ২৩/০২/২০২, মামলা নং ২৬ তারিখ-২০/০৭/২০২০ ইং, মামলা নং ২৩, তারিখ ২৮/২২/২০১৮, পাসপোর্ট আইনের মামলা নং ৪৫ তারিখ ২৯/০৮/২১ ইং, মারমারির অভিযোগে ৪১ তারিখ-২৪/০১/২০২০ ইং।

তার নামে দায়ের হওয়া এসব মামলাগুলো আদালতে বিচারাধীন রয়েছে। ১০ গ্রাম হেরোইন উদ্ধারের ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মেহেরপুর সদর থানার মামলা নং ৩৭, তারিখ ২৮/০৮/২০২২ ইং। গ্রেফতারকৃত সামিউল আজিম ওরফে রাজা আদালতে সোপর্দ করা হয়েছে।

মেহেরপুরে পুলিশের অভিযানে ৬ আসামী গ্রেফতার

মেহেরপুর সদর ও গাংনী থানা পুলিশের ২৪ ঘন্টার নিয়মিত অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত ১ জন সহ নিয়মিত মামলায় ৫ আসামি গ্রেফতার হয়েছে।

এদের মধ্যে সদর থানা পুলিশ আদালতের পরোয়ানভূক্ত জিআর মামলায় ১ জন ও নিয়মিত মামলায় ১ জন আসামী এবং গাংনী থানা পুলিশের অভিযানে নিয়মিত মামলায় ৪ আসামি গ্রেফতার করা হয়েছে।

শনিবার সকাল থেকে রবিবার ভোররাত পর্যন্ত জেলার বিভিন্ন স্থানে

পুলিশের একাধিক টিম গোপন সংবাদে অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করা হয়।

এছাড়া ২৪ ঘন্টায় সদর থানায় ১টি ও গাংনী থানায় ২ টি মামলা এএফআই আর করা হয়েছে। মামলাগুলোর মধ্যে রয়েছে গাংনী থানায় নারী ও শিশু দমন আইনে ১ টি ও মারামারির অভিযোগে একটি এদিকে সদর থানায় মাদ্রকদ্যব্য নিয়ন্তওণ আইনে অপর মামলাটি দায়ের করা হয়েছে।

গ্রেফতারকৃতদের রবিবার দুপুরের দিকে মেহেরপুর আদালতের সোপর্দ করা হয়েছে।